প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতায় ২০১৬-১৭ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ, সমস্যা ও সুপারিশসমূহ:

ক্রঃ নং	মন্ত্রণালয়/বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরন			মূল সময় ও ব্যয়ের তুলনা				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডসিএফ ভূক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার % সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিকান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার % সর্বনিম্ন সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১	প্রতিরক্ষা মন্ত্রণালয়	৪	৪	০	০	২	২	৬৬%-১৮৩%	২	৬৩%-১০৫%

০১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ৪টি

০২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ: বিদেশ থেকে আমদানিকৃত মালামাল প্রাপ্তিতে বিলম্ব,বিভিন্ন নির্মান কাজের ডিজাইনের পরিবর্তন, নতুন আইটেম অন্তর্ভূক্তিকরণ ইত্যাদির ফলে ব্যয় ও সময় বৃদ্ধি পায়।

০৩। সমাপ্ত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

ক্রমিক	সমস্যা	সুপারিশ
১	বাস্তবায়নকারী সংস্থার উদ্যোগে প্রকল্পটি পর পর দুইবার সংশোধন করা হয়। ফলে প্রকল্পটির ১০৫% cost overrun এবং ১৮৩% time overrun হয়।	ভবিষ্যতে উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সময়াবদ্ধ (Time-bound) করতে বাস্তবায়নকারী সংস্থাকে দীর্ঘ সূত্রীতা পরিহার করে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়নে সচেষ্ট হতে হবে;
২	প্রকল্পটির বাস্তবায়নাধীন সময়ে কোন Exit Plan ছিল না। বর্তমানে প্রকল্পটির আওতায় যে অবকাঠামো ও অন্যান্য সুযোগ সুবিধা সৃষ্টি হয়েছে তার পরিচালনার জন্য সামরিক বাহিনীর রাজস্ব বাজেট থেকে ব্যয় নির্বাহ করা হচ্ছে। সমাপ্ত প্রকল্পের ভবিষ্যত দিক বিবেচনায় রেখে একটি Exit Plan থাকা প্রয়োজন।	বর্তমানে প্রকল্পটির আওতায় যে অবকাঠামো ও অন্যান্য সুযোগ সুবিধা সৃষ্টি হয়েছে তার রক্ষণাবেক্ষণের জন্য সামরিক বাহিনীর রাজস্ব বাজেট থেকে ব্যয় নির্বাহ করার জন্য একটি আর্থিক পরিকল্পনা থাকতে হবে
৩	প্রকল্প বাস্তবায়নের জন্য Global Navigation Satellite System (GNSS) ও Server স্থাপনসহ বিভিন্ন IT সংশ্লিষ্ট মেশিনারীজ স্থাপন করা হয়েছে। এ ধরণের প্রকল্পে অবশ্যই IT Expert নিয়োগের সংস্থান রাখা প্রয়োজন ছিল। IT Expert এর অভাবে এ সব যন্ত্রপাতি পরিচালনা ব্যাহত হতে পারে।	Global Navigation Satellite System (GNSS), Digital Elevation Model (Dem) ও Server স্থাপনসহ যে বিভিন্ন IT সংশ্লিষ্ট মেশিনারীজ স্থাপন করা হয়েছে তার সঠিক পরিচালনার নিমিত্ত দ্রুত IT Expert নিয়োগের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে

সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজ (ডিএসসিএসসি) এর জন্য অবকাঠামোগত সুবিধা সম্প্রসারণ, মিরপুর সেনানিবাস, ঢাকা- ২য় সংশোধিত শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০১৭)

১.০ প্রকল্পের নাম : সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজ (ডিএসসিএসসি) এর জন্য অবকাঠামোগত সুবিধা সম্প্রসারণ, মিরপুর সেনানিবাস, ঢাকা- ২য় সংশোধিত

২.০ প্রশাসনিক মন্ত্রণালয় : প্র তিরক্ষা মন্ত্রণালয়।

৩.০ বাস্তবায়নকারী সংস্থা : আর্মি হেডকোয়ার্টার , জিএস ব্রাঞ্চ, শিক্ষা পরিদপ্তর এবং আর্মি হেডকোয়ার্টার, ই-ইন-সি'র ব্রাঞ্চ, পরিচালক শিক্ষা পরিদপ্তর, মিরপুর, ঢাকা ক্যান্টনমেন্ট।

৪.০ প্রকল্পের অবস্থান : ডিএসসিএসসি এরিয়া, মিরপুর, ক্যান্টনমেন্ট।

৫.০ প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় : (লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রকল্প ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত	মোট টাকা প্র: সা:	মূল	সর্বশেষ সংশোধিত			
মোট টাকা প্র: সা:	মোট টাকা প্র: সা:						
১	২	৩	৪	৫	৬	৭	৮
৮০৫৭.০০ ৮০৫৭.০০	১৬৬১৪.০০ ১৬৬১৪.০০	১৬৫৫৪.৩৪৩৮ ১৬৫৫৪.৩৪৩৮	জানুয়ারী,২০০৯ হতে ডিসেম্বর,২০১১	জানুয়ারি, ২০০৯ হতে জুন, ২০১৭	জানুয়ারি, ২০০৯ হতে জুন, ২০১৭	১০৫%	১৮৩%

৬.০ **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন(প্রতিরক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) এর ভিত্তিতে):**

(লক্ষ টাকায়)

ক্র: নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা বাস্তব	আর্থিক	প্রকৃত বাস্তবায়ন অগ্রগতি বাস্তব (%)	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	রাজস্ব					
১	স্টেশনারী	থোক	থোক	২০.০০	থোক	২০.০০
২	পরিবহন ব্যয়	থোক	থোক	০.১০	--	--
৩	কনসালটেন্সি	--	--	১১০.০০	একক	১১০
৪	সম্মানী ভাতা	থোক	থোক	১৫.০০	থোক	১১.৮৮৬
৫	টেস্টিং ফি	--	--	০২.০০	একক	২.০০
	উপমোট (রাজস্ব)	--	--	**১৪৭.১০**	--	**১৪৩.৮৮৬**
	মূলধন ব্যয়ঃ					
৬	কম্পিউটার এক্সেসরিজ	সংখ্যা	--	৪.৪০	থোক	৪.০০
৭	মেশিনারীজ এবং যন্ত্রপাতি	থোক	থোক	২০০৩.০৭	থোক	১৯৯৯.৭৬৩
৮	আসবাবপত্র	থোক	থোক	১১০৬.৯৯৬	থোক	১১০৬.৫৫৬
৯	ফায়ার ফাইটিং	থোক	থোক	১৫৭.৫০	থোক	১৫৭.৫০
১০	সাইট ডেভেলপমেন্ট	বঃমিঃ	**৭০০০.০০**	৩১.৬২৫	৭০০০.০০	৩১.৬২৫
১১	অফিস বিল্ডিং	বঃমিঃ	১৮৭৬৫.৮৫	৯৪২২.৭৩৫	১৮৭৬৫.৮৫	৯৩৭৮.৬১৯
১২	আবাসিক ভবন	বঃ মিঃ	৯২৩০.৭৭	১৯১৫.০৬৭	৯২৩০.৭৭	১৯১৫.০৬৭
১৩	অন্যান্য ভবন ও অবকাঠামো নির্মাণ	বঃমিঃ	২৬৯.০০	৩২১.৬০	২৬৯.০০	৩২১.৬০
১৪	রাস্তা/হার্ডস্ট্যান্ডিং	বঃমিঃ	৩৬০০.০০	৪২০.৪৭	৩৬০০.০০	৪২০.৪৭
১৫	সারফেজ ড্রেন	মিটার	১০০০.০০	২১.৮৫৭	১০০০.০০	২১.৮৫৭
১৬	বহিঃ পানি সরবরাহ	থোক	থোক	৬১.৯৯	থোক	৬১.৯৯
১৭	বহিঃ বিদ্যুৎ সরবরাহ	থোক	থোক	৯৬৮.০৯	থোক	৯৬১.৫০

ক্র: নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা বাস্তব	আর্থিক	প্রকৃত বাস্তবায়ন অগ্রগতি বাস্তব (%)	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	রাজস্ব					
১৮	গ্যাস সাপ্লাই	থোক	থোক	২৯.৫০	থোক	২৯.৫০
১৯	ফিজিক্যাল কন্টিনজেন্সি	থোক	থোক	১.০০	থোক	--
২০	প্রাইস কনটিনজেন্সী	থোক	থোক	১.০০	থোক	--
	উপমোট (মুলধন)	--	--	১৬৪৬৬.৯০	--	১৬৪১০.৪৫৭
	সর্বমোটঃ	**--**	**--**	**১৬৬১৪.০০**	**--**	**১৬৫৫৪.৩৪৩৮**

৭.০ **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে প্রেরিত পিসিআর পর্যালোচনায় দেখা যায়, প্রকল্পটির আওতায় উল্লেখযোগ্য কোন কাজ অসমাপ্ত নেই।

৮.০ **সাধারণ পর্যবেক্ষণঃ**

৮.১ **পটভূমি:** দেশী-বিদেশী সামরিক কর্মকর্তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মিরপুর সেনানিবাসে ১৯৭৭ সালে সামরিক বাহিনা কমান্ড এন্ড স্টাফ কলেজ (ডিএসসিএসসি) স্থাপন করা হয়। ডিএসসিএসসি- এর অবকাঠামোগত সুবিধা সম্প্রসারণ সংক্রান্ত মূল প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ৮০.৫৭ কোটি টাকা ব্যয়ে জানুয়ারি,২০০৯ থেকে ডিসেম্বর, ২০১১ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ২০/০১/২০০৯ তারিখে একনেক সভায় অনুমোদন লাভ করে। পরবর্তী সময়ে প্রকল্পটির মেয়াদ দুই দফায় দুই বছর তথা ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়। ১৩/০১/২০১৩ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পটির আন্তঃখাত সমন্বয় করা হয়। প্রকল্পটির ১ম সংশোধনী মোট ১৩৮.৫৭ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০০৯ থেকে জুন,২০১৬ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত গত ০৩/০৬/২০১৪ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। কতিপয় কারণে ১৭১.০৭ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০০৯ থেকে জুন, ২০১৭ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত প্রকল্পটির ২য় সংশোধনের প্রস্তাব করা হয়। প্রকল্পটির অনুমোদন বিবেচনার লক্ষ্যে গত ১৮/০৪/২০১৬ তারিখে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠিত হয়। পুনর্গঠিত আরডিপিপি অনুযায়ী প্রস্তাবিত ব্যয় ১৬৬.১৪ কোটি টাকা এবং মেয়াদকাল জানুয়ারি, ২০০৯ - জুন, ২০১৭ পর্যন্ত মেয়াদে প্রকল্পটি একনেক কর্তৃক অনুমোদিত হয়।

৮.২ **প্রকল্পের উদ্দেশ্য:** দেশী ও বিদেশী সামরিক বাহিনীর শিক্ষার্থী কর্মকর্তাদের প্রশিক্ষণের মানোন্নয়নের জন্য ডিফেন্স সার্ভিসেস কমান্ড এন্ড স্টাফ কলেজের ভৌত সুবিধাদির উন্নয়ন।

৮.৩ **প্রকল্পের মূল কার্যক্রম:** প্রকল্পটির মূল কার্যক্রম হলো- (ক) একাডেমিক কমপ্লেক্সের সম্প্রসারণের লক্ষ্যে লাইব্রেরীসহ ৮ তলা বিশিষ্ট ১টি নতুন একাডেমিক ভবন নির্মাণ; (খ) প্রশিক্ষণার্থীদের আবাসনের জন্য ১৪ তলা বিশিষ্ট 'ই' টাইপ ভবন নির্মাণ; (গ) জেনারেটরসহ বহিঃবিদ্যুৎ সরবরাহ; (ঘ) মেশিনারীজ ও ইক্যুইপমেন্ট সংগ্রহ (ঙ) আসবাবপত্র ক্রয়; (ঙ) আসবাবপত্র ক্রয়; (চ) ভূমি উন্নয়ন; (ছ) মৃত্তিকা পরীক্ষা; এবং (জ) কনসালটেন্সী ইত্যাদি।

৮.৪ **অনুমোদন পর্যায় ও সংশোধন:** প্রকল্পটির অনুমোদন জন্য গত ১৪-১০-২০০৮ তারিখে পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগে প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভা অনুষ্ঠিত হয় এবং ২০-০১-২০০৯ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় ৮০৫৭.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী,২০০৯ হতে ডিসেম্বর, ২০১১ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়নকাল জানুয়ারি, ২০০৯ হতে ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত ২ বছর বৃদ্ধি করা হয়। প্রয়োজনীয়তার নিরিখে প্রকল্পের আন্ত:খাত সমন্বয় করে গত ১৩ জানুয়ারি, ২০১৩ তারিখে প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের প্রশাসনিক আদেশ জারী করা হয়। পরবর্তীতে গত ০৩-০৬-২০১৪ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় ১৩৮৫৭.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী,২০০৯ হতে জুন, ২০১৬ মেয়াদে ১ম সংশোধীত আকারে বাস্তবায়নের জন্য প্রকল্পটি অনুমোদিত হয়। ১ম সংশোধনের ২ বছর পর গত ১২-০৬-২০১৬ তারিখে প্রকল্পটি ২য় সংশোধিত আকারে ১৬৬১৪.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী, ২০০৯ হতে জুন, ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়।

৮.৫ **প্রকল্প ব্যবস্থাপনা:** প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেন:

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	কার্যকাল		প্রকল্প পরিচালকের ধরন
		আরম্ভ	শেষ	
১	কর্ণেল শাহরিয়ার আহমেদ, প্রকল্প পরিচালক	০২-০২-২০০৯	২৪-০৯-২০১০	খন্ডকালীন
২	কর্ণেল মোঃ হাবিবুর রহমান, প্রকল্প পরিচালক	১০-১০-২০১০	১৫-০৯-২০১১	খন্ডকালীন
৩	কর্ণেল সৈয়দ আহমেদ আলী, প্রকল্প পরিচালক	১১-০৯-২০১১	২৭-০৬-২০১২	খন্ডকালীন
৪	কর্ণেল মোঃ জিল্লুর রহমান, প্রকল্প পরিচালক	০২-০৮-২০১২	২৫-০২-২০১৫	খন্ডকালীন
৫	কর্ণেল মোঃ রাশেদ ইকবাল, প্রকল্প পরিচালক	২৬-০২-২০১৫	৩০-১০-২০১৬	খন্ডকালীন
৬	কর্ণেল মোঃ আব্দুর রহিম, প্রকল্প পরিচালক	৩১-১০-২০১৬	৩০-০৬-২০১৭	খন্ডকালীন

৮.৬ **মূল্যায়ন পদ্ধতি (Methodology)**: মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছেঃ

(ক) মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;
(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;
(গ) PEC, Steering Committee, PIC সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;
(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;
(ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা;

৯.০ **প্রকল্পের বছর ভিত্তিক বরাদ্দ ও লক্ষ্যমাত্রা, অবমুক্তি ও ব্যয়ঃ**

৯.১ **আর্থিক অগ্রগতিঃ** (লক্ষ টাকায়)

আর্থিক বৎসর	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্ত	*প্রকল্প মেয়াদে (জুন,১৬ পর্যন্ত) আর্থিক অগ্রগতি (%)*
১	২	৩	৪
২০০৮-০৯	--	--	--
২০০৯-১০	১০০.০০	১০০.০০	১০০.০০
২০১০-১১	২১১৫.০০	২১১৫.০০	২১১৫.০০
২০১১-১২	২০৭৭.০০	২০৭৭.০০	২০৭৭.০০
২০১২-১৩	২২১৮.০০	২২১৮.০০	২২১৮.০০
২০১৩-১৪	১২০০.০০	১২০০.০০	১২০০.০০
২০১৪-১৫	২০৪৩.০০	২০৪৩.০০	২০৪৩.০০
২০১৫-১৬	৪০৩০.০০	৪০৩০.০০	৪০৩০.০০
২০১৬-১৭	২৭৯৩.০০	২৭৯৩.০০	২৭৩৩.৩৪৩৮
মোট:	**১৬৬১২.০০**	**১৬৬১২.০০**	**১৬৫৫৪.৩৪৩৮**

৯.২ **প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ**

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
➢ দেশী ও বিদেশী সামরিক বাহিনীর শিক্ষার্থী কর্মকর্তাদের প্রশিক্ষণের মানোন্নয়নের জন্য ডিফেন্স সার্ভিসেস কমান্ড এন্ড স্টাফ কলেজের ভৌত সুবিধাদির উন্নয়ন।	➢ দেশী ও বিদেশী সামরিক বাহিনীর শিক্ষার্থী কর্মকর্তাদের প্রশিক্ষণের মানোন্নয়নের জন্য ডিফেন্স সার্ভিসেস কমান্ড এন্ড স্টাফ কলেজের ভৌত সুবিধাদি সৃষ্টি করা হয়েছে। বর্তমানে প্রতি ব্যাচে দেশ -বিদেশের প্রায় ৩০০ জন সামরিক বাহিনীর কর্মকর্তাদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

১০.০ **মনিটরিং :** আলোচ্য প্রকল্পটি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক ভিন্ন ভিন্ন সময়ে পরিবীক্ষণ করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে।

১১.০ **অডিট:**

১১.১ **অভ্যন্তরীণ অডিট:** প্রকল্পটির আওতায় এখনও অভ্যন্তরীণ অডিড সম্পন্ন হয়নি।

১১.২ External Audit: প্রকল্প চলাকালীন সময়ে ২০০৯-২০১০ অর্থ বছর থেকে শুরু করে ২০১৫-২০১৬ অর্থ বছর পর্যন্ত External Audit সম্পন্ন হয়েছে মর্মে পিসিআর-এ উল্লেখ করা হয়েছে।

১২.০ **প্রকল্প পরিদর্শন:** আইএমইডি'র পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮ এর সহকারী পরিচালক জনাব বাবুলাল রবিদাস, কর্তৃক প্রকল্প এলাকা বিওএফ গাজীপুর ক্যান্টনমেন্টে গত ০৪-০১-২০১৮ তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে বাস্তবায়নকারী সংস্থার অন্যান্য কর্মকর্তাগণ তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন।

১৩.০ **প্রকল্পের প্রধান প্রধান অঙ্গের আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ** প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে প্রেরিত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) এ প্রদত্ত প্রধান প্রধান অংগের আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে দেয়া হলোঃ

১৩.১ **অফিস ভবন নির্মাণ:** সংশোধিত ডিপিপি অনুযায়ী ৯৪.২২ কোটি টাকা ব্যয়ে ১৮৪৬৫ বঃ মিঃ আয়তনের ৮ তলা ভিতে ৮ তলা ভবন নির্মাণের সংস্থান ছিল। পিসিআর পর্যালোচনা করে দেখা যায় ৯৩.৭৮ কোটি টাকা ব্যয়ে ৮ তলা ভিতে একটি ৮ তলা ভবন নির্মাণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর নামানুসারে ভবনটির নামকরণ করা হয়েছে 'শেখ হাসিনা' কমপ্লেক্স। সরেজমিনে পরিদর্শনে গিয়ে দেখা যায় 'শেখ হাসিনা' কমপ্লেক্স ভবনটি বর্তমানে অফিস ভবন ও একাডেমিক ভবন হিসেবে ব্যবহৃত হচ্ছে। দেশী ও বিদেশী সামরিক বাহিনীর শিক্ষার্থী কর্মকর্তাদের প্রশিক্ষণের জন্য আন্তর্জাতিক মানের ২২টি ক্লাস রুম , একটি অত্যাধুনিক সুযোগ -সুবিধা সম্পন্ন আন্তর্জাতিক মানের লাইব্রেরি কক্ষ ও অন্যান্য প্রয়োজনীয় কক্ষ নির্মাণ করা হয়েছে। একাডেমিক ভবন নির্মাণের পূর্বে পুরাতন ট্রেনিং কমপ্লেক্স -এ প্রতি ব্যাচে ৬০জন মেজর পদ মর্যাদার কর্মকর্তার Pasted Staff Course (PSC) প্রশিক্ষণ অনুষ্ঠিত হত। বর্তমানে 'শেখ হাসিনা' কমপ্লেক্স নির্মাণের ফলে দেশ -বিদেশের ৩০০ জন সামরিক বাহিনীর শিক্ষার্থী কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রকল্প বাস্তবায়নের ফলে পূর্বের তুলনায় পাঁচজন কর্মকর্তার প্রশিক্ষণদান সম্ভব হচ্ছে।

১৩.২ **আবাসিক ভবন নির্মাণ:**

অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী ১৯.১৫ কোটি ব্যয়ে ১৪ তলা ভিতে ১৪ তলা বিশিষ্ট ৯২৩০.৭৭ বঃ মিঃ আবাসিক ভবন নির্মণের সংস্থান ছিল। পিসিআর পর্যালোচনা করে দেখা যায় প্রকৃতপক্ষে ৯২৩০.৭৭ কোটি টাকা ব্যয়ে ১৪ তলা ভিতে একটি ভবন নির্মাণ করা হয়েছে। মেজর পদ মর্যাদার কর্মকর্তাদের ১ বছর মেয়াদী PSC কোর্স চলাকালীন সময়ে নির্মিত ভবনের ফ্ল্যাটগুলোতে আবাসনের ব্যবস্থা করা হয়। প্রতি ফ্লোরে ৪টি করে মোট ৫২টি ফ্ল্যাট তৈরি করা হয়েছে। এ আবাসন সুবিধা সৃষ্টির ফলে দেশী-বিদেশী প্রায় ৩০০ জন সামরিক বাহিনীর শিক্ষার্থী কর্মকর্তাগণ প্রশিক্ষণকালীন সময়ে প্রশিক্ষণ ভ্যেনুর পাশেই অবস্থান করতে পারবেন।

১৩.৩ **কনসালটেন্সি:** সংশোধিত ডিপিপিতে থোক হিসেবে ১১০.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। আন্তর্জাতিক মানের স্থাপনা নির্মাণের নকসা ও অন্যান্য নান্দনিক দিক তুলে ধরার জন্য কনসালটেন্সি বাবদ ১১০.০০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে এবং এ খাতে বরাদ্দকৃত অর্থের পুরোটাই ব্যয় করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। এখাতে আর্থিক অগ্রগতি ১০০%।

১৩.৪ **ভূমি উন্নয়ন:** সংশোধিত ডিপিপিতে ৭ হাজার ঘ: মি: ভূমি উন্নয়নের লক্ষ্যে ৩১.৬২ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। পিসিআর পর্যালোচনায় দেখা যায়, প্রকল্প মেয়াদে ভূমি উন্নয়নের ৭ হাজার ঘ: মি: লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১.৬২ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। সরেজমিনে পরিদর্শনকালে সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, আবাসিক ভবন, অফিস কাম-একাডেমিক ভবন নির্মানের স্থান অসমতল ছিল যা বর্ণিত পরিমাণের ভূমি উন্নয়নের মাধ্যমে সম্পন্ন হয়েছে।

১৩.৬ **বাহ্যিক পানি সরবরাহ রিজার্ভার:** সংশোধিত ডিপিপিতে থোক হিসেবে বাহ্যিক পানি সরবরাহ খাতে ৬১.৯৯ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। প্রকল্প মেয়াদে বাহ্যিক পানি সরবরাহ খাতে বরাদ্দকৃত অর্থের পুরোটাই ব্যয় করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। এখাতে আর্থিক অগ্রগতি ও বাস্তব অগ্রগতি ১০০%।

১৩.৫ **আসবাবপত্র সরবরাহ:** ডিপিপিতে থোক হিসেবে আসবাবপত্র সরবরাহ খাতে ১১০৬.৯৯ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। প্রকল্প মেয়াদে আবাসিক ভবন ও একাডেমিক ভবনের জন্য বিভিন্ন ধরনের আসবাবপত্র সরবরাহ করা হয়েছে এবং এ খাতে বরাদ্দকৃত অর্থের পুরোটাই ব্যয় করা হয়েছে। এখাতে আর্থিক অগ্রগতি ও বাস্তব অগ্রগতি ১০০%।

১৪.০ **উদ্দেশ্য অর্জিত না হলে তার কারণ:** প্রকল্পের উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে।

১৫.০ **পর্যবেক্ষণ:**

১৫.১ "সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজ (ডিএসসিএসসি) এর জন্য অবকাঠামোগত সুবিধা সম্প্রসারণ, মিরপুর সেনানিবাস, ঢাকা- ২য় সংশোধিত" শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন কাজ জুন , ২০১৭-তে সম্পন্ন হয়েছে। প্রকল্পটির বাস্তবায়নাধীন সময়ে কোন Exit Plan ছিল না। বর্তমানে প্রকল্প টির আওতায় যে অবকাঠামো ও অন্যান্য সুযোগ সুবিধা সৃষ্টি হয়েছে তার পরিচালনার জন্য সামরিক বাহিনীর রাজস্ব বাজেট থেকে ব্যয় নির্বাহ করা হচ্ছে। সমাপ্ত প্রকল্পের ভবিষ্যত দিক বিবেচনায় রেখে একটি Exit Plan থাকা প্রয়োজন।

১৫.২ প্রকল্প বাস্তবায়নে দীর্ঘ সূত্রীতা পরিলক্ষিত হয়েছে। প্রকল্পটি ৮০.৫৭ কোটি টাকা ব্যয়ে জানুয়ারি, ২০০৯ হতে ডিসেম্বর, ২০১১ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়েছিল। পরবর্তীতে বাস্তবায়নকারী সংস্থার আবেদনের প্রেক্ষিতে প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে দুইবার মেয়াদ বৃদ্ধি করা হলেও বর্ধিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন করা সম্ভব হয়নি। এ পর্যায়ে বাস্তবায়নকারী সংস্থার উদ্যোগে প্রকল্পটি পর পর দুইবার সংশোধন করা হয়। ফলে প্রকল্পটির ১০৫% cost overrun এবং ১৮৩% time overrun হয়।

১৫.৩ স্টাফ কলেজে সামরিক বাহিনীর দেশ-বিদেশের কর্মকর্তাদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখতে হয়। প্রতিষ্ঠানটির অপারেশনাল ও মেইনটেনেন্স ব্যয় নির্বাহের জন্য বাস্তবায়নকারী সংস্থার একটি সুনির্দিষ্ট আর্থিক ও কর্ম-পরিকল্পনা থাকা প্রয়োজন।

১৫.৪ প্রকল্পের আওতায় ৬টি লিফ্‌ট, ১টি স্কেলেটর, ১১৭৩ টন ক্ষমতা সম্পন্ন এসি এবং প্রয়োজনীয় সংখ্যক সরবরাহ করা হয়েছে। তবে কোন প্রকল্পের আওতায় এসব যন্ত্রপাতি ও আসবাবপত্র সরবরাহ করা হয়েছে তার কোনও নিদর্শন রাখা হয়নি।

১৬.০ **সুপারিশঃ**

১৬.১ "সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজ (ডিএসসিএসসি) এর জন্য অবকাঠামোগত সুবিধা সম্প্রসারণ" শীর্ষক সমাপ্ত প্রকল্পটির Sustainablity'র জন্য বাস্তবায়নকারী সংস্থাকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;

১৬.২ ভবিষ্যতে উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সময়াবদ্ধ (Time-bound) করতে বাস্তবায়নকারী সংস্থাকে দীর্ঘ সূত্রীতা পরিহার করে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়নে সচেষ্ট হতে হবে;

১৬.৩ টেকসইভাবে স্টাফ কলেজটির পরিচালনা ও এর নিয়মিত রক্ষণাবেক্ষণার্থে বাস্তবায়নকারী সংস্থার একটি সুনির্দিষ্ট আর্থিক ও কর্ম-পরিকল্পনা রাখা যেতে পারে।

এস্টাবলিস্টমেন্ট অব ইংলিশ ভার্সন ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ আন্ডার ন্যাশনাল কারিকুলাম এ্যাট কুমিল্লা ক্যান্টনমেন্ট কুমিল্লা” শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০১৭)

১.০ প্রকল্পের নাম : এস্টাবলিস্টমেন্ট অব ইংলিশ ভার্সন ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ আন্ডার ন্যাশনাল কারিকুলাম এ্যাট কুমিল্লা ক্যান্টনমেন্ট কুমিল্লা।

২.০ প্রশাসনিক মন্ত্রণালয় : প্র তিরক্ষা মন্ত্রণালয়।

৩.০ বাস্তবায়নকারী সংস্থা : আর্মি হেডকোয়ার্টার , জিএস ব্রাঞ্চ, শিক্ষা পরিদপ্তর এবং আর্মি হেডকোয়ার্টার, ই-ইন-সি'র ব্রাঞ্চ , পরিচালক শিক্ষা পরিদপ্তর , ঢাকা ক্যান্টনমেন্ট এবং জি.ই কুমিল্লা।

৪.০ প্রকল্পের অবস্থান : কুমিল্লা ক্যান্টনমেন্ট, উপজেলা- কুমিল্লা সদর।

৫.০ প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় : (লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রকল্প ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
মোট টাকা প্র: সা:	মোট টাকা প্র: সা:	মোট টাকা প্র: সা:					
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৯৯১.৯৫ ১৯৯১.৯৫ --	১৯৯১.৯৫ ১৯৯১.৯৫ --	১৯৭২.৬৮ ১৯৭২.৬৮ --	জানুয়ারী, ২০১৫ হতে জুন, ২০১৭	--	জানুয়ারী, ২০১৫ হতে জুন, ২০১৭	--	--

৬.০ **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন(প্রতিরক্ষামন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) এর ভিত্তিতে):**

(লক্ষ টাকায়)

ক্র: নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	রাজস্ব					
১	স্টেশনারী	থোক	থোক	১.৫০	**থোক**	১.৫০ (১০০%)
২	বিজ্ঞাপন	থোক	থোক	১.৫০	থোক	১.৫০ (১০০%)
৩	কনসালটেন্সি	থোক	থোক	৯.০০	থোক	৯.০০ (১০০%)
৪	সম্মানী ভাতা	থোক	থোক	৩.৫০	থোক	৩.৫০ (১০০%)
৫	টেস্টিং ফি	থোক	থোক	০.৭০	থোক	০.৭০ (১০০%)
	উপমোট (রাজস্ব)	--	--	**১৬.২০**	--	**১৬.২০ (১০০%)**
	মূলধন ব্যয়ঃ					
৬	কম্পিউটার এক্সেসরিজ	থোক	থোক	৪.০৫	থোক	৪.০৫ (১০০%)
৭	আসবাবপত্র	থোক	থোক	৭১.৩০	থোক	৭১.৩০ (১০০%)
৮	সাইট ডেভেলপমেন্ট	ঘঃমিঃ	৫৬৪৫.১৯	৩৫.০০	৫৬৪৫.১৯	৩৫.০০ (১০০%)
৯	ফায়ার ফাইটিং সিস্টেম	থোক	থোক	১.৫০	থোক	১.৫০ (১০০%)
১০	অন্যান্য ভবন ও অবকাঠামো নির্মাণ	বঃমিঃ	৮৮২৫.৭৬	১৮১৪.০৫	৮৮২৫.৭৬	১৭৯৪.৭৮ (৯৯%)
১১	রাস্তা/হার্ডস্ট্যাডিং	বঃমিঃ	৭৪৭.৩৪	৮.৩১	৭৪৭.৩৪	৮.৩১ (১০০%)
১২	সারফেজ ড্রেন	মিটার	৪৫৪.৫০	৮.৪৬	৪৫৪.৫০	৮.৪৬ (১০০%)
১৩	বহিঃ পানি সরবরাহ	থোক	থোক	৫.৩৮	থোক	৫.৩৮(১০০%)
১৪	বহিঃ বিদ্যুৎ সরবরাহ	থোক	থোক	২০.৫০	থোক	২০.৫০ (১০০%)
১৫.	অন্যান্য	থোক	থোক	৭.২০	থোক	৭.২০ (১০০%)
১৬.	ফিজিক্যাল কন্টিনজেন্সি	থোক	থোক	--	--	--
১৭.	প্রাইস কনটিনজেন্সী	থোক	থোক	--	--	--

ক্র: নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	রাজস্ব					
	উপমোট (মূলধন)	--	--	১৯৭৫.৭৫	--	১৯৫৬.৪৮
	সর্বমোটঃ	**--**	**--**	**১৯৯১.৯৫**	**১০০%**	**১৯৭২.৬৮ (৯৯%)**

৭.০ **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে প্রেরিত পিসিআর পর্যালোচনায় দেখা যায়, প্রকল্পটির আওতায় উল্লেখযোগ্য কোন কাজ অসমাপ্ত নেই।

৮.০ **সাধারণ পর্যবেক্ষণঃ**

৮.১ **পটভূমিঃ** আর্থ-সামাজিক উন্নতির ১ম শর্ত মানসম্পন্ন শিক্ষা ব্যবস্থা। অত্র এলাকায় শিক্ষার্থীদের পক্ষে মানসম্পন্ন দূরের স্কুলসমূহে যাতায়াত করে পড়ালেখা করা অত্যন্ত কষ্টসাধ্য। বিশেষ করে মেয়ে শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রায় অসম্ভব। সরকার নারী শিক্ষাকে গুরূত্ব সহকারে বিবেচনা করেছে। ইংরেজী মাধ্যমে শিক্ষাদানের ক্ষেত্রে এবং সহশিক্ষা গ্রহণের মাধ্যমে ছেলে ও মেয়েদের শিক্ষা বৈষম্য অনেকাংশেই দুরীভূত হবে। ইংরেজী মাধ্যমে জাতীয় পাঠ্যক্রমের আওতায় যুগোপযোগী শিক্ষা এবং কম্পিউটার শিক্ষার মাধ্যমে মানব উন্নয়নসহ দারিদ্র বিমোচন করা সম্ভব হবে।

এ এলাকায় ১২ কিঃমিঃ এর মধ্যে ইংরেজী মাধ্যমে শিক্ষা কার্যক্রমের কোন শিক্ষা প্রতিষ্ঠান নেই। প্রস্তাবিত শিক্ষা ব্যবস্থা প্রতিষ্ঠিত হলে অত্র এজলাকার বিভিন্ন উপজেলার শিক্ষার্থীরা মা ন সম্পন্ন ইংরেজী ও কম্পিউটার শিক্ষার মাধ্যমে প্রতি বছর প্রায় ২০০০ ছাত্র/ছাত্রী শিক্ষা গ্রহণ করতে পারবে এবং সুশিক্ষিত সুনাগরিক হয়ে গড়ে উঠবে। কুমিল্লা সেনানিবাস এবং এর আশে পাশে ১২ কিঃমিঃ এর আওতায় বসবাসকারী ছাত্র/ছাত্রীরা এ শিক্ষায়তনের মাধ্যমে উপকৃত হবে। এর মাধ্যমে অত্র এলাকার সামরিক-বেসামরিক কর্মকর্তা/কর্মচারী এবং অন্যান্য এনজিও/প্রতিষ্ঠানের চাকুরী জীবিদের সন্তানগণ উন্নতমানের যুগোপযোগী শিক্ষা গ্রহণের সুযোগ পাবে এ প্রেক্ষিতে প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৮.২ **প্রকল্পের উদ্দেশ্যঃ** কুমিল্লা সেনানিবাস এবং এর আশে পাশের এলাকার শিক্ষার্থীদের ন্যাশনাল কারিকুলাম অনুসরণে ইংরেজী মাধ্যমে সুন্দর পরিবেশে মানসম্মত শিক্ষা প্রদান কারই এ প্রকল্পের মূল উদ্দেশ্য।

৮.৩ **প্রকল্পের মূল কার্যক্রমঃ** প্রকল্পটির মূল কার্যক্রম হচ্ছে- ভূমি উন্নয়ন, মৃত্তিকা পরীক্ষা, ১টি একাডেমিক ভবনসহ অন্যান্য অবকাঠামো নির্মাণ, রাস্তা ও ড্রেন নির্মাণ, বাহ্যিক পানি সরবরাহ, বাহ্যিক বিদ্যুৎ সরবরাহ এবং গ্যাস সরবরাহ, যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয়।

৮.৪ **<u>অনুমোদন পর্যায় ও সংশোধন :</u>** প্রকল্পটির অনুমোদন বিবেচনার জন্য ডিপিপির উপর গত ২৬-০৮-২০১৪ তারিখে পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগে প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভা অনুষ্ঠিত হয়। পরবর্তীতে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ১৯৯১.৯৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি,২০১৫ হতে জুন,২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি অনুমোদিত হয়।

৮.৫ **প্রকল্প ব্যবস্থাপনা** : প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	কার্যকাল		প্রকল্প পরিচালকের ধরন
		আরম্ভ	শেষ	
১।	লে: কর্ণেল মো: আরাফুর রহমান প্রকল্প পরিচালক	০৫-০৫-২০১৫	২৫-০১-২০১৭	খন্ডকালীন
২।	লে: কর্ণেল মোঃ তারেক মাহমুদ	২৬-০১-২০১৭	৩০-০৪-২০১৭	খন্ডকালীন

৮.৬ **মূল্যায়ন পদ্ধতি (Methodology):** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিয়োক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছেঃ

(ক) মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;
(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;
(গ) PEC, Steering Committee, PIC সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;
(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;
(ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা;

৯.০ **প্রকল্পের বছর ভিত্তিক বরাদ্দ ও লক্ষ্যমাত্রা, অবমুক্তি ও ব্যয়ঃ**

৯.১ **আর্থিক অগ্রগতিঃ** (লক্ষ টাকায়)

আর্থিক বৎসর	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্ত	প্রকল্প মেয়াদে (জুন,১৭ পর্যন্ত) আর্থিক অগ্রগতি (%)
১	২	৩	৪
২০১৪-২০১৫	১০০.০০	১০০.০০	১০০.০০ (১০০%)
২০১৫-২০১৬	১০০০.০০	১০০০.০০	১০০০.০০ (১০০%)
২০১৬-২০১৭	৮৯২.০০	৮৯২.০০	৮৭২..৭৩৪০০৩
	মোট১৯৯২.০০	**১৯৯২.০০**	**১৯৭২.৭৩৪০৩**

৯.২ **প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ**

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
➢ কুমিল্লা সেনানিবাস জাতীয় শিক্ষা কার্যক্রমের প্রচলিত নিয়মানুসারে পঞ্চম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ইংরেজি ভার্সনে মানসম্মত শিক্ষা প্রদানের সুযোগ সৃষ্টি করা;	➢ কুমিল্লা সেনানিবাস জাতীয় শিক্ষা কার্যক্রমের প্রচলিত নিয়মানুসারে পঞ্চম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ইংরেজি ভার্সনে মানসম্মত শিক্ষা প্রদানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে ৬তলা ভীত ৫তলা অবকাঠামো নির্মাণ করা হয়েছে।

১০.০ **মনিটরিং :** আলোচ্য প্রকল্পটি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক ভিন্ন ভিন্ন সময়ে পরিবীক্ষণ করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। এছাড়া আইএমইডি কর্তৃক প্রকল্পটির সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের নিমিত্ত গত ২৭-০১-২০১৮ তারিখে পরিদর্শন করা হয়।

১১.০ **অডিট:**

১১.১ **অভ্যন্তরীণ অডিট:** প্রকল্পটি জুন, ২০১৭-তে সমাপ্ত হয়েছে । কিন্তু পিসিআর পর্যালোচনা করে দেখা যায় প্রকল্পটির কার্যক্রমের উপর এখনও অভ্যন্তরীণ অডিট সম্পন্ন হয়নি।

১১.২ External Audit: প্রকল্পটি জুন ২০১৭ তে সমাপ্ত হয়েছে। পিসিআর পর্যালোচনা করে দেখা যায়, সমাপ্ত এ প্রকল্পটির অদ্যাবধি External Audit সম্পন্ন হয়নি।

১২.০ **প্রকল্প পরিদর্শন:** আইএমইডি'র পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮ এর সহকারী পরিচালক জনাব বাবুলাল রবিদাস, কর্তৃক প্রকল্প এলাকা গত ২৭-০১-২০১৮ তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে বাস্তবায়নকারী সংস্থার অন্যান্য কর্মকর্তাগণ তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন।

১৩.০ **প্রকল্পের প্রধান প্রধান অঙ্গের আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ** প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে প্রেরিত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) এ প্রদত্ত প্রধান প্রধান অংগের আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে দেয়া হলোঃ

১৩.১ **অন্যান্য ভবন ও অবকাঠামো নির্মাণ :** অনুমোদিত আন্ত:অঙ্গ সমন্বয়ের পর ডিপিপিতে এখাতে ৮৮২৫.৭৬ ব: মি: আয়তনের ৬তলা ভীতে ৪ তলা একাডেমিক ভবন নির্মাণের লক্ষ্যে ১৮১৪.০৫ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। এর বিপরীতে ৮৮২৫.৭৬ ব: মি: আয়তনের ৬তলা ভীতে ৪ তলা অবকাঠামো নির্মাণ করা হয়েছে এবং এ খাতে বরাদ্দকৃত অর্থের মধ্যে ১৭৯৪.৭৮ লক্ষ টাকা প্রকল্প মেয়াদে ব্যয় করা হয়েছে। এখাতে আর্থিক অগ্রগতি ৯৯% ও বাস্তব অগ্রগতি ১০০%।

১৩.২ **কনসালটেন্সি:** অনুমোদিত ডিপিপিতে থোক হিসেবে ৯.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। কনসালটেন্সি বাবদ ৯.০০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে এবং এ খাতে বরাদ্দকৃত অর্থের পুরোটাই ব্যয় করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। এখাতে আর্থিক অগ্রগতি ১০০%।

১৩.৩ **ভূমি উন্নয়ন:** সংশোধিত ডিপিপিতে ভূমি উন্নয়নের লক্ষ্যে ৩৫.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। পিসিআর

পর্যালোচনায় দেখা যায়, প্রকল্প মেয়াদে ভূমি উন্নয়নের লক্ষ্যমাত্রার বিপরীতে ৩৫.০০ লক্ষ টাকা ব্যয়ে পরিকল্পিত ৫৬৪৫ ঘন: মি: ভূমি উন্নয়নের কাজ সম্পন্ন হয়েছে। এখাতে আর্থিক অগ্রগতি ১০০% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

১৩.৪ **বহি: বিদ্যুৎ ও পানি সরবরাহ:** সংশোধিত ডিপিপিতে থোক হিসেবে বহি: বিদ্যুৎ সরবরাহ খাতে ২০.৫০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। প্রকল্প মেয়াদে বহি: বিদ্যুৎ খাতে বরাদ্দকৃত অর্থের পুরোটাই ব্যয় করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। এখাতে আর্থিক অগ্রগতি ও বাস্তব অগ্রগতি ১০০%।

১৩.৫ **আসবাবপত্র সরবরাহ:** ডিপিপিতে থোক হিসেবে আসবাবপত্র সরবরাহ খাতে ৭১.৩০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। প্রকল্প মেয়াদে বিভিন্ন ধরনের আসবাবপত্র সরবরাহ করা হয়েছে এবং এ খাতে বরাদ্দকৃত অর্থের পুরোটাই ব্যয় করা হয়েছে। এখাতে আর্থিক অগ্রগতি ও বাস্তব অগ্রগতি ১০০%।

১৪.০ **উদ্দেশ্য অর্জিত না হলে তার কারণ:** প্রকল্পের উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে।

১৫.০ **পর্যবেক্ষণ:**

১৫.১ "এস্টাবলিস্টমেন্ট অব ইংলিশ ভার্সন ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ আন্ডার ন্যাশনাল কারিকুলাম এ্যাট কুমিল্লা ক্যান্টনমেন্ট কুমিল্লা" শীর্ষক নামে অনুমোদিত প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে। সরেজমিনে পরিদর্শনে গিয়ে দেখা যায় বিদ্যালয়টির নামকরণ করা হয়েছে ও ময়নামতি ইন্টারনেশনাল হাই স্কুল। এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পের অর্থায়নে বাস্তবায়িত প্রকল্পের নামকরণ পরিবর্তনের কোন সুযোগ নেই।

১৫.২ "এস্টাবলিস্টমেন্ট অব ইংলিশ ভার্সন ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ আন্ডার ন্যাশনাল কারিকুলাম এ্যাট কুমিল্লা ক্যান্টনমেন্ট কুমিল্লা " শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন কাজ জুন, ২০১৭-তে সম্পন্ন হয়েছে। প্রকল্পটির বাস্তবায়নাধীন সময়ে কোন Exit Plan ছিল না। বর্তমানে প্রকল্পটির আওতায় যে অবকাঠামো ও অন্যান্য সুযোগ সুবিধা সৃষ্টি হয়েছে তার পরিচালনার জন্য সামরিক বাহিনীর রাজস্ব বাজেট থেকে ব্যয় নির্বাহ করা হবে। সমাপ্ত প্রকল্পের ভবিষ্যত দিক বিবেচনায় রেখে একটি Exit Plan থাকা প্রয়োজন ছিল।

১৫.৩ বিদ্যালয়টিতে প্রায় সকল ধরনের আধুনিক সুবিধা এবং পরিবেশ রয়েছে। তবে Adolescent মেয়েদের জন্য কোন বাথরুম ব্লকে Private room/change room রাখা হয়নি।

১৬.০ **সুপারিশ:**

১৬.১ এডিপিভুক্ত "এস্টাবলিস্টমেন্ট অব ইংলিশ ভার্সন ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ আন্ডার ন্যাশনাল কারিকুলাম এ্যাট কুমিল্লা ক্যান্টনমেন্ট কুমিল্লা" শীর্ষক উন্নয়ন প্রকল্পের অর্থায়নে বাস্তবায়িত বিধায় বিদ্যালয়ের নামকরণ করতে হবে "কুমিল্লা ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ'' (অনুচ্ছেদ-১৫.১)।

১৬.২ বর্তমানে প্রকল্পটির আওতায় যে অবকাঠামো ও অন্যান্য সুযোগ সুবিধা সৃষ্টি হয়েছে তার রক্ষণাবেক্ষণের জন্য সামরিক বাহিনীর রাজস্ব বাজেট থেকে ব্যয় নির্বাহ করার জন্য একটি আর্থিক পরিকল্পনা থাকতে হবে (অনুচ্ছেদ-১৫.২)।

১৬.৩ আধুনিক সুযোগ সুবিধা এবং পরিবেশ সম্বলিত বিদ্যালয়টিতে Adolescent মেয়েদের জন্য একটি Private room/change room রাখা যেতে পারে (অনুচ্ছেদ-১৫.৩)।

১৬.৪ প্রকল্পের আওতায় external অডিট সম্পন্ন করে প্রশাসনিক মন্ত্রণালয় ও আইএমইডিকে অবহিত করতে হবে (অনুচ্ছেদ-১১.২)।

Improvement of Digital Mapping System of Bangladesh (2nd Revised)শীর্ষক
প্রকল্পের প্রকল্প সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্তঃ জুন, ২০১৭)

১.০ প্রকল্পের নাম : Improvement of Digital Mapping System of Bangladesh (2nd Revised)

২.০ প্রশাসনিক মন্ত্রণালয় : প্র তিরক্ষা মন্ত্রণালয়।

৩.০ বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ জরিপ অধিদপ্তর (এসওবি)

৪.০ প্রকল্পের অবস্থান : সমগ্র বাংলাদেশ

৫.০ প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় : (লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রকল্প ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত	মোট টাকা প্র: সা:	মূল	সর্বশেষ সংশোধিত			
মোট টাকা প্র: সা:	মোট টাকা প্র: সা:						
১	২	৩	৪	৫	৬	৭	৮
১১৪৭৬.৬০ ১১৪৭৬.৬০	১৯৫২৮.০০ ১৯৫২৮.০০	১৮৭১২.৪৫ ১৮৭১২.৪৫	জুলাই, ২০০৭ হতে জুন, ২০১৩	জুলাই, ২০০৭ হতে জুন, ২০১৭	জুলাই, ২০০৭ হতে জুন, ২০১৭	৬৩.০৫ %	৬৬.৬ %

৬.০ **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন(প্রতিরক্ষামন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) এর ভিত্তিতে):**

(লক্ষ টাকায়)

ক্র: নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ		পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন অগ্রগতি	
		একক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	রাজস্ব					
১	প্রশিক্ষণ ভাতা	--	--	৪০.০০	১০০	৯.৫৬
২	মাঠ জরিপের জন্য অফিস ভাড়া	--	--	৪০.০০	১০০	৩১.৭৫
৩	মাঠ জরিপের জন্য বাসা ভাড়া	--	--	৪০.০০	১০০	২২.৫৫
৪	যানবাহন এবং জেনারেটরের জন্য জ্বালানী	সংখ্যা	২৮	২৫৫.০০	১০০	১৯৮.৯৯
৫	ম্যাপ প্রিন্টিং	শিট	১২৫১ শিট	৫০০.০০	১২৫১	৪৯৮.৯৮
৬	বিজ্ঞাপন ও প্রচারণা	--	--	৩৫.০০	১০০	৩২.৯৪
৭	প্রশিক্ষণ/শিক্ষা সফর	--	--	১৮০.০০	১০০	১৭৯.৯৪
৮	সেমিনার/ওয়ার্কশপ	--	--	২৫.০০	১০০	২৩.৯৭
৯	পরিবহন ব্যয়	--	--	৩২০.০০	১০০	৩১৭.০১
১০	কনসালট্যান্ট	এমএম	৪৮৬ এম	৬৫০.০০	১০০	৫০৩.৩৬
১১	সম্মানী ভাতা	--	--	১৮.০০	১০০	১৬.১৯
১২	শ্রমিক	সংখ্যা/দিন	২০ জন/ দিন/পার্টি	২৫০.০০	১০০	১৮০.৯৯
১৩	পরিবহন ভাড়া (মটর/ফেরি)	--	--	৩২০.০০	১০০	৩০৫.৬৯
১৪	কন্টিনজেন্সি ও অন্যান্য ব্যয়	--	--	৪০০.০০	১০০	৩৯৪.৬৯
	যানবাহন রক্ষণাবেক্ষণ	সংখ্যা	২৮ টি	৯০.০০	১০০	৬৩.৩৩
১৬	মেরামত, রক্ষণাবেক্ষণ এবং যন্ত্রপাতি ও যন্ত্রাংশ প্রতিস্থাপন	--	--	১৫০.০০	১০০	১৩১.৯১
১৭	অফিস ভবন সংস্কার	--	--	১১০.০০	১০০	১০৯.৯৫
	(ক)উপ-মোট রাজস্ব			৩৪২৩.০০		৩০২১.৮০

	মূলধন ব্যয়:					
১৮	যানবাহন ক্রয়	সংখ্যা	০৭ টি	২৬২.৮৪	১০০	২৬২.৮৪
১৯	যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ক্রয়	--	--	৮৫৩৭.১৬	১০০	৮৫৩৭.০৫
২০	আসবাবপত্র	--	--	৯০.০০	১০০	৮৯.৯৬
২১	অন্যান্য (এরিয়াল ফটোগ্রাপি এবং স্যাটেলাইট ডাটা একুইজিশন +ডেম)	বর্গ কিঃমিঃ	১০০০০০ বর্গ কিঃমিঃ	৩০৫০.০০	১০০০০০ কিঃমিঃ	২৮৪৯.১২
২২	ভুমি উন্নয়ন	ঘন মিটার	১৩২০৭ ঘন মিটার	৪০.০০	১০০	৩১.০০
২৩	অফিস ভবন নির্মাণ	বর্গ মিটার	৫৭৩৮ বর্গ মিটার	২১৮২.০০	১০০	২১৭৭.৪৭
২৪	আবাসিক ভবন নির্মাণ	বর্গ মিটার	২৪৩৯ বর্গ মিটার	৫৫০.০০	১০০	৫৪৯.৫৩
২৫	বৈদ্যুতিক যন্ত্রপাতি	--	--	১২০.০০	১০০	১১৯.৯৯
২৬	অন্যান্য নির্মাণ ব্যয়	--	--	৫৬৩.০০	১০০	৫৬২.১৯
২৭	সার্ভে পিলার নির্মাণ	সংখ্যা	১০০০ টি	২১০.০০	১০০টি	১৮০.৯২
২৮	সিডি/ভ্যাট	--	--	৩৪৫.০০	১০০	৩৩০.৫৮
		--	--		--	--
	(খ)উপমোট (মূলধন)	--	--	১৫৯৫০.০০	১০০	১৫৬৯০.৬৫
	(গ)প্রাইস কন্টিনজেন্সি			১৫৫.০০	--	--
	সর্বমোটঃ (ক+খ+গ)			১৯৫২৮.০০	১০০	১৮৭১২.৪৫ (৯৬%)

৭.০ **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে প্রেরিত পিসিআর পর্যালোচনায় দেখা যায়, প্রকল্পটির আওতায় উল্লেখযোগ্য কোন কাজ অসমাপ্ত নেই।

৮.০ **<u>পটভূমি</u>:** বাংলাদেশ জরিপ অধিদপ্তর (Survey of Bangladesh) বাংলাদেশের একমাত্র জাতীয় মানচিত্র প্রণয়নকারী প্রতিষ্ঠান। স্বাধীনতার পর থেকে এ অধিদপ্তর নির্দিষ্ট ডেটাম পয়েন্টের অনুপস্থিতি, জিওডেটিক কন্ট্রোল পয়েন্টের অসম স্থাপন, পদ্মা নদী দ্বারা লেভেলিং নেটওয়ার্কের বিভক্তিকরণ, সার্ভে ও ম্যাপিং সংক্রান্ত তথ্যের সুষ্ঠু সংরক্ষণের অভাব ইত্যাদি মৌলিক সমস্যার সম্মুখীন হয়েছে। বাংলাদেশ জরিপ অধিদপ্তর অত্যন্তগুরুত্বের সাথে উল্লিখিত সমস্যাবলী সমাধানের চেষ্টা করছে এবং সমগ্র দেশের জিও ডেটিক কন্ট্রোল নেটওয়ার্ক স্থাপনের কাজ শুরু করেছে। বাংলাদেশ জরিপ অধিদপ্তর ইতোপূর্বে জাপানী সহায়তায় দুটি উন্নয়ন প্রকল্প সফল বাস্তবায়নের মাধ্যমে ফাষ্ট অর্ডার জিপিএস এবং লেভেলিং নেটওয়ার্ক স্থাপনের কাজ সম্পন্ন করেছে। এছাড়াও জাপানী সহায়তায় বাস্তবায়িত অন্য একটি প্রকল্পের আওতায় ঢাকা শহরের ১:৫,০০০ স্কেলের ডিজিটাল টপোগ্রাফিক ম্যাপ এবং ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন সম্পন্ন করেছে। ঢাকা ব্যতীত অন্যান্য বিভাগীয় শহরে (চট্রগ্রাম, খুলনা, বরিশাল, রাজশাহী ও সিলেট) বড় স্কেলের তথ্য সমৃদ্ধ ডিজিটাল টপোগ্রাফিক ম্যাপ অদ্যাবধি প্রণয়ন করা সম্ভব হয়নি। বর্তমানে ১:৫০,০০০ স্কেলের এনালগ পদ্ধতিতে তৈরী সমগ্র দেশের বেইজ ম্যাপ যথেষ্ট তথ্য সমৃদ্ধ নয়।

৮.২ **প্রকল্পের উদ্দেশ্য:** বাংলাদেশের সরকারী, বেসরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের উন্নয়ন কার্যক্রমে যথাযথ পরিকল্পনা প্রণয়ন ও তার ফলপ্রসূ বাস্তবায়নের জন্য সঠিক ও বিস্তারিত তথ্যসম্বলিত টপোগ্রাফিক ম্যাপ ও ডিজিটাল ডাটাবেজ তৈরী ও সরবরাহ করাই প্রকল্পটির মূল উদ্দেশ্য।

৮.৩ **<u>প্রকল্পের মূল কার্যক্রম</u>:** প্রকল্পটির মূল কার্যক্রম হলো-

ক) ঢাকার মিরপুরের দামালকোটে বাংলাদেশ জরিপ অধিদপ্তরের নিজস্ব জায়গায় একটি ডিজিটাল ম্যাপিং সেন্টার স্থাপন।

খ) বাংলাদেশের পাঁচটি বিভাগীয় শহরের (চট্রগ্রাম, খুলনা, বরিশাল, রাজশাহী, ওসিলেট) তথ্য সমৃদ্ধ ১:৫,০০০ স্কেলের ২৬৩টি ডিজিটাল টপোগ্রাফিক ম্যাপ প্রণয়ন এবং ২৬৩টি ম্যাপ শীটের ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন।

গ) সমগ্র বাংলাদেশের জন্য ১:২৫,০০০ স্কেলের ৯৮৮টি টপোগ্রাফিক ম্যাপশীট প্রণয়ন এবং ৯৮৮টি ম্যাপশীটের ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন।

ঘ) বাংলাদেশ জরিপ অধিদপ্তরের ডিজিটাল টপোগ্রাফিক মানচিত্র প্রণয়নের ক্ষমতা বৃদ্ধিকরণ।

৮.৪ **অনুমোদন পর্যায় ও সংশোধন:** প্রকল্পটি গত ২৮/০৮/২০০৭ তারিখে ১১৪.৭৬৬ কোটি টাকা ব্যয়ে জুলাই, ২০০৭ হতে জুন, ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য একনেক কর্তৃক অনুমোদিত হয়। অনুমোদনের দুই বছর পর ৬৬ কোটি টাকা ব্যয় বৃদ্ধি ও তিন বছর মেয়াদ বৃদ্ধি করে ০২/০৯/২০০৯ তারিখে ১ম সংশোধিত ডিপিপি ১৮১.৪৩ কোটি টাকা ব্যয়ে জুলাই, ২০০৭ হতে জুন, ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে গত ১৪/০৩/২০১৩ তারিখে ১৯৫.২৮ কোটি টাকা ব্যয়ে বাস্তবায়নকাল অপরিবর্তিত রেখে ২য় সংশোধিত ডিপিপি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ২৩/০২/২০১৫ তারিখে ১ম আন্ত:খাত সমন্বয়ের প্রস্তাব অনুমোদন করা হয়। ১ম আন্ত:খাত সমন্বয়ের পর গত ২২/০৩/২০১৬ তারিখে আইএমইডি'র সুপারিশের প্রেক্ষিতে পরিকল্পনা কমিশন কর্তৃক প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ (এক) বৎসর মেয়াদ বৃদ্ধি অর্থাৎ জুন, ২০১৭ পর্যন্ত করা হয়। সর্বশেষ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রস্তাবের প্রেক্ষিতে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ২২/০৮/২০১৬ তারিখে ২য় আন্ত:খাত প্রস্তাব অনুমোদন করা হয়।

৮.৫ **প্রকল্প ব্যবস্থাপনা:** প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেন:

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	কার্যকাল		প্রকল্প পরিচালকের ধরন
		আরম্ভ	শেষ	
১	মোহাম্মদ হাবিবুর রহমান খান, পিএসসি ব্রিগেডিয়ার জেনারেল সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ	০১-০৭-২০০৭	৩১-০১-২০০৯	পূর্ণকালীন
২	মোঃ মমিনুল হক, এএফডব্লিউসি, পিএসসি ব্রিগেডিয়ার জেনারেল সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ	০১-০২-২০০৯	২৫-১২-২০১১	পূর্ণকালীন
৩	মোঃ অহিদুল ইসলাম তালুকদার, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি ব্রিগেডিয়ার জেনারেল সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ	২১-১২-২০১১	১৬-০৬-২০১৪	পূর্ণকালীন
৪	মোঃ আবুল খায়ের, এনডিসি, পি.ইঞ্জ ব্রিগেডিয়ার জেনারেল সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ	১৭-০৬-২০১৪	২২-১০-২০১৬	পূর্ণকালীন
৫	জাকির আহমেদ পিএসসি ব্রিগেডিয়ার জেনারেল সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ	২৩-১০-২০১৬	৩০-০৬-২০১৭	পূর্ণকালীন

৮.৬ **মূল্যায়ন পদ্ধতি (Methodology):** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছেঃ

(ক) মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;
(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;
(গ) PEC, Steering Committee, PIC সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;
(ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা;

৯.০ **প্রকল্পের বছর ভিত্তিক বরাদ্দ ও লক্ষ্যমাত্রা, অবমুক্তি ও ব্যয়ঃ**

৯.১ **আর্থিক অগ্রগতিঃ** (লক্ষ টাকায়)

আর্থিক বৎসর	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্ত	*প্রকল্প মেয়াদে (জুন,১৭ পর্যন্ত)* আর্থিক অগ্রগতি
১	২	৩	৪
২০০৭-০৮	৩০০.০০	২২৫.০০	১৭২.৯৫
২০০৮-০৯	১৩৬৫.০০	৬৮২.৫০	৫৫৬.৭৭
২০০৯-১০	৫৭৮০.০০	১৯৯৭.১৮	১৯৯৭.১৮
২০১০-১১	৬২৩০.০০	৬১৫৫.৮২	৬০৪৮.৩৮
২০১১-১২	২৫৫৪.০০	২৫৫৪.০০	২৫১১.১৫
২০১২-১৩	৫৯০.০০	৫৯০.০০	৫৭৪.৩৮
২০১৩-১৪	১৫৫০.০০	১৫৫০.০০	১৫৪১.০৭
২০১৪-১৫	১৫১৬.০০	১৫১৬.০০	১৪৯৫.১৩
২০১৫-১৬	২৭১১.০০	২৫৭৯.০০	২৫৪৯.৭৫
২০১৬-১৭	১২৮৬.০০	১২৮৬.০০	১২৬৫.৬২
মোট:	**২৩৮৮২.০০**	**১৯১৩৫.৫০**	**১৮৭১২.৪৫**

৯.২ **প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ**

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
ঢাকার মিরপুরের দামালকোটে বাংলাদেশ জরিপ অধিদপ্তরের নিজস্ব জায়গায় একটি ডিজিটাল ম্যাপিং সেন্টার স্থাপন।	বাস্তবায়িত প্রকল্পের আওতায় ঢাকার মিরপুরের দামালকোট বাংলাদেশ জরিপ অধিদপ্তরের নিজস্ব জায়গায় একটি ডিজিটাল ম্যাপিং সেন্টার স্থাপন করা হয়েছে।
বাংলাদেশের পাঁচটি বিভাগীয় শহরের (চট্রগ্রাম, খুলনা, বরিশাল, রাজশাহী, ও সিলেট) তথ্য সমৃদ্ধ ১:৫,০০০ স্কেলের ২৬৩টি ডিজিটাল টপোগ্রাফিক ম্যাপ প্রণয়ন এবং ২৬৩টি ম্যাপ শীটের ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন।	দেশের পাঁচটি বিভাগীয় শহরের (চট্রগ্রাম, খুলনা, বরিশাল, রাজশাহী, ওসিলেট) তথ্য সমৃদ্ধ ১:৫,০০০ স্কেলের ২৬৩টি ডিজিটাল টপোগ্রাফিক ম্যাপ এবং ২৬৩টি ম্যাপ শীটের ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন করা হয়েছে।
সমগ্র বাংলাদেশের জন্য ১:২৫,০০০ স্কেলের ৯৮৮টি টপোগ্রাফিক ম্যাপশীট প্রণয়ন এবং ৯৮৮টি ম্যাপশীটের ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন।	সমগ্র বাংলাদেশের জন্য ১:২৫,০০০ স্কেলের ৯৮৮টি টপোগ্রাফি ম্যাপশীট প্রণয়ন এবং ৯৮৮টি ম্যাপশীটের ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন করা হয়েছে।
বাংলাদেশ জরি পঅধিদপ্তরের ডিজিটাল টপোগ্রাফিক মানচিত্র প্রণয়নের ক্ষমতা বৃদ্ধিকরণ।	বাংলাদেশ জরিপ অধিদপ্তর এনালগ পদ্ধতির মানচিত্র প্রণয়ন করত। প্রকল্প বাস্তবায়নের ফলে ডিজিটাল টপোগ্রাফিক মানচিত্র প্রণয়নের ক্ষমতা বৃদ্ধি পেয়েছে।

১০.০ **মনিটরিং :** আলোচ্য প্রকল্পটি আইএমইডি'র সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক ২২/০৮/২০১৩ তারিখে পরিবীক্ষণ করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে।

১১.০ **অডিট:**

১১.১ **অভ্যন্তরীণ অডিট:** পিসিআর পর্যালোচনা করে দেখা যায়,প্রকল্পটির আওতায় এখনও অভ্যন্তরীণ অডিট সম্পন্ন হয়নি।

১১.২ External Audit: প্রকল্প চলাকালীন সময়ে ২০০৭-২০০৮ অর্থবছর থেকে শুরু করে ২০১৫-২০১৬ অর্থবছর পর্যন্ত External Audit সম্পন্ন হয়েছে মর্মে পিসিআর-এ উল্লেখ করা হয়েছে। পিসিআর এর তথ্য পর্যালোচনা

করে দেখা যায়,এখনও External Audit এর ৩০টি আপত্তি নিষ্পন্ন করা হয়নি।

১২.০ **প্রকল্প পরিদর্শন:** আইএমইডি'র পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮ এর সহকারী পরিচালক জনাব বাবুলাল রবিদাস, কর্তৃক প্রকল্প এলাকা ঢাকার দামাল কোট গত ০৪-০১-২০১৮ তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে বাস্তবায়নকারী সংস্থার অন্যান্য কর্মকর্তাগণ তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন।

১৩.০ **প্রকল্পের প্রধান প্রধান অঙ্গের আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ** প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে প্রেরিত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) পর্যালোচনা, সরজমিনে পরিদর্শন ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনার প্রেক্ষিতে প্রধান প্রধান অংগের আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে দেয়া হলোঃ

১৩.১ **অফিস ভবন নির্মাণ:**

প্রকল্পের আওতায় ১৫ তলা ভিতে ৫ তলা বিশিষ্ট ৫৭৩৮ বঃ মিঃ আয়তনের অফিস ভবন নির্মাণের জন্য২১৮২.০০ লক্ষ টাকার সংস্থান ছিল। প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন এবং পিসিআর পর্যালোচনা করে দেখা যায় ১৫ তলা ভিতে ৫ তলা বিশিষ্ট অফিস ভবন নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। ডিপিপি'র সংস্থান অনুযায়ী অনুমোদিত ডিজাইন অনুসরন করে ভবন নির্মাণ করা হয়েছে বলে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান। এ বিষয়ে জরিপ অধিদপ্তরের মহাপরিচালক জানান, নির্মিত অফিস ভবনটি যথাসময়ে বুঝে নেওয়া হয়েছে। বর্তমানে অফিস ভবনটিতে ডিজিটাল ম্যাপিং ইউনিট স্থাপনপূর্বক ম্যাপ প্রণয়নের কাজ চলছে।

১৩.২ যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ক্রয়:

প্রকল্পের আওতায় ৮৫.৩৭ কোটি টাকা ব্যয়ে ডিজিটাল ম্যাপিং ইউনিট, অফসেট প্রেস, Global Positioning System (GPS) Permanent Station,সার্ভার ইত্যাদি যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ক্রয়ের সংস্থান ছিল। সংস্থার প্রেরিত তথ্য এবং পিসিআর পর্যালোচনা করে দেখা যায়,ডিজিটাল ম্যাপিং ইউনিট, অফসেট প্রেস, GPS Permanent Station, সার্ভার ইত্যাদি যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ক্রয় করা হয়েছে। ক্রয়কৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ডিজিটাল ম্যাপ প্রনয়ণে ব্যবহৃত হচ্ছে বলে জানা যায়।

১৩.৩ **কনসালটেন্সি:**

অনুমোদিত প্রকল্পের সংস্থান অনুযায়ী Foreign Consultant নিয়োগ করে টপোগ্রাফিক ম্যাপ শীট প্রণয়ন,ম্যাপ শীটের ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন,ডিজিটাল টপোগ্রাফিক ম্যাপ প্রণয়ন এবং জরিপ অধিদপ্তরের ডিজিটাল টপোগ্রাফিক মানচিত্র প্রণয়নে ক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়। জরিপ অধিদপ্তরের মহাপরিচালক জানান, প্রকল্প শেষে আইটি বিশেষজ্ঞ জনবল না থাকায় ডিজিটাল ম্যাপিং ইউনিট পরিচালনায় সমস্যা হচ্ছে।

১৩.৪ **অন্যান্য খাত:**

অনুমোদিত প্রকল্পের আওতায় অন্যান্য খাতে ৩০.৫০ কোটি টাকার সংস্থান ছিল। প্রকল্প পরিচালক জানান, এ খাত থেকে Acquisition of Aerial Photography, Satellite Image & Digital Elevation Model (Dem) ক্রয় করা হয়েছে।

১৪.০ **পর্যবেক্ষণ:**

১৪.১ বাংলাদেশ জরিপ অধিদপ্তরের নিজস্ব কোন IT Expert নেই বলে প্রকল্প কর্তৃপক্ষ জানান। অপরদিকে প্রকল্প বাস্তবায়নের জন্য Global Navigation Satellite System (GNSS) ও Server স্থাপনসহ বিভিন্ন IT সংশ্লিষ্ট মেশিনারীজ স্থাপন করা হয়েছে।এ ধরণের প্রকল্পে অবশ্যই IT Expert নিয়োগের সংস্থান রাখা প্রয়োজন ছিল। IT Expert এর অভাবে এ সব যন্ত্রপাতি পরিচালনা ব্যাহত হতে পারে।

১৪.২ প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রীতা পরিলক্ষিত হয়েছে। প্রকল্পটি গত ২৮/০৮/২০০৭ তারিখে ১১৪.৭৬৬ কোটি টাকা ব্যয়ে জুলাই, ২০০৭ হতে জুন, ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়েছিল। পরবর্তীতে বাস্তবায়নকারী সংস্থার আবেদনের প্রেক্ষিতে প্রকল্পটি পর পর ২ বার সংশোধন, ২ বার আন্ত:খাত সমন্বয় ও একবার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১বছর মেয়াদ বৃদ্ধি করে বাস্তবায়ন করা হয়। ফলে প্রকল্পটির ৬৩.০৫ % cost overrun এবং ৮০ % time overrun হয়।

১৪.৩ বাংলাদেশ জরিপ অধিদপ্তর কে ম্যাপ প্রণয়নে ও সার্ভে পরিচালনার নিমিত্ত বিভিন্ন কার্যক্রম চলমান রাখতে হয়। প্রতিষ্ঠানটির অপারেশনাল ও মেইনটেনেন্স ব্যয় নির্বাহের জন্য বাস্তবায়নকারী সংস্থার একটি সুনির্দিষ্ট আর্থিক ও কর্ম-পরিকল্পনা থাকা প্রয়োজন। বাস্তবায়িত প্রকল্পটি এমনটি ছিলনা মর্মে পরিলক্ষিত হয়েছে।

১৪.৪ প্রকল্পের আওতায় দেখা যায়,ডিজিটাল ম্যাপিং ইউনিট, অফসেট প্রেস, GPS Permanent Station, সার্ভার ইত্যাদি যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ক্রয় করা হয়েছে। তবে কোন প্রকল্পের আওতায় এসব যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে তার কোনও নিদর্শন রাখা হয়নি। ফলে সরকারের অন্য সোর্স থেকে সরবরাহকৃত যন্ত্রপাতির সাথে এগুলো পৃথক করা যাবেনা।

১৪.৫ বাস্তবায়িত এ প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতি ও অফিস সরঞ্জামাদি, ইকুইপমেন্ট ইত্যাদি'র প্রাত্যহিক পরিচালন, তার ব্যয়,মেইনটেনেন্স এর বিষয়ে বাস্তবায়নকারী সংস্থার কার্যকরী উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

১৪.৬ প্রকল্প বাস্তবায়নকালীন ২০০৭-২০০৮ অর্থবছর থেকে শুরু করে ২০১৫-২০১৬ অর্থবছর পর্যন্ত External Audit সম্পন্ন হয়েছে। তবে এখনও ৩০টি External Audit এর আপত্তি অনিষ্পন্ন রয়েছে।

১৪.৭ মন্ত্রণালয় থেকে প্রেরিত পিসিআর পর্যালোচনা করে দেখা যায়, প্রকল্পের আওতায় এখনও অভ্যন্তরীণ অডিট সম্পন্ন হয়নি। দ্রুত অভ্যন্তরীণ অডিট সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

১৪.৮ "Improvement of Digital Mapping System of Bangladesh (2nd Revised)" শীর্ষক প্রকল্পটির বাস্তবায়ন কাজ জুন , ২০১৭-তে সম্পন্ন হয়েছে। প্রকল্পটির বাস্তবায়নাধীন সময়ে কোন Exit Plan ছিল না। বর্তমানে প্রকল্পটির আওতায় যে অবকাঠামো ও টেকনোলজি বেইজড অন্যান্য সুযোগ সুবিধা সৃষ্টি হয়েছে তার সঠিক পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ব্যাহত হতে পারে। সমাপ্ত প্রকল্পের ভবিষ্যত দিক বিবেচনায় রেখে একটি Exit Plan থাকা প্রয়োজন ছিল।

১৫.০ **সুপারিশঃ**

১৫.১ Global Navigation Satellite System (GNSS), Digital Elevation Model (Dem) ও Server স্থাপনসহ যে বিভিন্ন IT সংশ্লিষ্ট মেশিনারীজ স্থাপন করা হয়েছে তার সঠিক পরিচালনার নিমিত্ত দ্রুত IT Expert নিয়োগের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ-১৪.১);

১৫.২ ভবিষ্যতে উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সময়াবদ্ধ (Time-bound) করতে বাস্তবায়নকারী সংস্থাকে ৬৩% Cost overrun ও ৬৬.৬% Time overrun এর মত দীর্ঘসূত্রীতা পরিহার করে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়নে সচেষ্ট হতে হবে (অনুচ্ছেদ-১৪.২);

১৫.৩ টেকসইভাবে ডিজিটাল ম্যাপিং ইউনিট পরিচালনা ও এর নিয়মিত রক্ষণাবেক্ষণার্থে বাস্তবায়নকারী সংস্থার একটি সুনির্দিষ্ট আর্থিক ও কর্ম-পরিকল্পনা রাখা যেতে পারে (অনুচ্ছেদ-১৪.৩);

১৫.৪ অভ্যন্তরীণ অডিট দ্রুত সম্পন্ন করে ও External অডিটের ৩০টি আপত্তি নিষ্পত্তি করে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে এ বিভাগকে অবহিত রাখতে হবে (অনুচ্ছেদ-১৪.৬);

১৫.৫ প্রকল্পের আওতায় যে সকল কর্মকর্তাগণকে কারিগরি প্রশিক্ষণ দেওয়া হয়েছে তাদের প্রশিক্ষণ লব্ধ জ্ঞান বর্তমান ডিজিটাল ইউনিট পরিচালনায় কাজে লাগানোর নিমিত্ত সংস্থা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে (অনুচ্ছেদ-১৩.৩);

১৫.৬ প্রকল্পের আওতায় দেখা যায়,ডিজিটাল ম্যাপিং ইউনিট, অফসেট প্রেস, GPS Permanent Station, Digital Elevation Model (Dem) সার্ভার ইত্যাদি ক্রয়কৃত যন্ত্রপাতিগুলোতে প্রকল্পের নাম অমোছনীয় কালি দ্বারা লিখে রাখতে হবে (অনুচ্ছেদ-১৪.৪);

১৫.৭ প্রকল্প থেকে প্রাপ্ত সুবিধাদি ও এর টেকসই এর দিকটি বিবেচনায় রেখে ভবিষ্যতে উন্নয়ন প্রকল্প গ্রহণকালে ডিপিপি -তে একটি Exit Plan থাকা আবশ্যক (অনুচ্ছেদ-১৪.৮)।

এস্টাবলিস্টমেন্ট অব ইংলিশ ভার্সন ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ আন্ডার ন্যাশনাল কারিকুলাম এ্যাট যশোর ক্যান্টনমেন্ট যশোর শীর্ষক প্রকল্পের সমাপ্তি মুল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০১৭)

১.০ প্রকল্পের নাম : এস্টাবলিস্টমেন্ট অব ইংলিশ ভার্সন ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ আন্ডার ন্যাশনাল কারিকুলাম এ্যাট যশোর ক্যান্টনমেন্ট যশোর।

২.০ প্রশাসনিক মন্ত্রণালয় : প্রতিরক্ষা মন্ত্রণালয়।

৩.০ বাস্তবায়নকারী সংস্থা : আর্মি হেডকোয়ার্টার, জিএস ব্রাঞ্চ, শিক্ষা পরিদপ্তর এবং আর্মি হেডকোয়ার্টার, ই-ইন-সি'র ব্রাঞ্চ, পরিচালক শিক্ষা পরিদপ্তর, ঢাকা ক্যান্টনমেন্ট এবং জি.ই যশোর।

৪.০ প্রকল্পের অবস্থান : যশোর ক্যান্টনমেন্ট।

৫.০ প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় : (লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রকল্প ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
মোট টাকা প্র: সা:	মোট টাকা প্র: সা:	মোট টাকা প্র: সা:					
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৯৯৮.০০ ১৯৯৮.০০ --	১৯৯৮.০০ ১৯৯৮.০০ --	১৯৮৮.০০ ১৯৮৮.০০ --	জানুয়ারী,২০১৪ হতে জুন,২০১৬	--	জানুয়ারী,২০১৪ হতে জুন,২০১৭	--	--

৬.০ **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন(প্রতিরক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) এর ভিত্তিতে):**

(লক্ষ টাকায়)

ক্র: নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	রাজস্ব					
১.	স্টেশনারী	থোক	**থোক**	৪.৪২	**থোক**	৪.৪২(১০০%)
২.	বিজ্ঞাপন	থোক	থোক	১.০০	১০০%	১.০০(১০০%)
৩.	কনসালটেন্সি	থোক	থোক	৮.০০	১০০%	৮.০০(১০০%)
৪.	সম্মানী ভাতা	থোক	থোক	২.৩০	১০০%	২.৩০(১০০%)
৫.	মৃত্তিকা পরীক্ষা	থোক	থোক	৯.৭৮	১০০%	৯.৭৮(১০০%)
	উপমোট (রাজস্ব)	--	--	**২৫.৫০**	**১০০%**	**২৫.৫০ (১০০%)**
	মূলধন ব্যয়ঃ					
৬.	মেশিনারীজ এবং যন্ত্রপাতি	থোক	**থোক**	২২.০০	১০০%	১২.০০(৫৫%)
৭.	কম্পিউটার	সংখ্যা	**২০**	১০.০০	**২০**(১০০%	১০.০০ (১০০%)
৮.	আসবাবপত্র	থোক	থোক	২৯.৯৮	(১০০%)	২৯.৯৮(১০০%)
৯.	ভূমি উন্নয়ন	ঘঃমিঃ	২০৯৬৭.৭৫	১৩০.০০	২০৯৬৭.৭৫	১৩০.০০(১০০%)
১০.	অন্যান্য ভবন ও অবকাঠামো নির্মাণ	বঃমিঃ	৬৪৭৭.২২	১৪৫১.৬৪	৬৪৭৭.২২	১৪৫১.৬৪ (১০০%)
১১.	রাস্তা/হার্ডস্ট্যান্ডিং	বঃমিঃ	২৮৬৬বঃমি:	৬৯.৫৮	২৮৬৬ (১০০%)	৬৯.৫৮(১০০%)
১২.	সারফেজ ড্রেন	রা:মিটার	৭৮৯.৮৭	২২.৬৫	৭৮৯.৮৭(১০০%)	২২.৬৫(১০০%)
১৩.	বহিঃ পানি সরবরাহ	থোক	থোক	৬৪.০০	(১০০%)	৬৪.০০(১০০%)
১৪.	বহিঃ বিদ্যুৎ সরবরাহ	থোক	থোক	৯০.০০	(১০০%)	৯০.০০(১০০%)
১৫.	অন্যান্য	থোক	থোক	৮২.৬৪	থোক	৮২.৬৪ (১০০%)
	মোট (মূলধন)					

ক্র: নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা বাস্তব	আর্থিক	প্রকৃত বাস্তবায়ন বাস্তব (%)	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	রাজস্ব					
১৬.	ফিজিক্যাল কন্টিনজেন্সি	থোক	থোক	--	--	--
১৭.	প্রাইস কনটিনজেন্সী	থোক	থোক	--	--	--
	উপমোট (মূলধন)	--	--	১৯৭২.৪৯	--	--
	সর্বমোটঃ	**--**	**--**	**১৯৯৮.০০**	**১০০%**	**১৯৮৮.০০ (৯৯.৪৯%)**

৭.০ **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে প্রেরিত পিসিআর পর্যালোচনায় দেখা যায়, প্রকল্পটির আওতায় উল্লেখযোগ্য কোন কাজ অসমাপ্ত নেই।

৮.০ **সাধারণ পর্যবেক্ষণঃ**

৮.১ **পটভূমিঃ** সরকারের সার্বজনীন শিক্ষা নীতির আলোকে সবার জন্য শিক্ষার লক্ষ্যমাত্রা অর্জনে মান সম্পন্ন শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার লক্ষ্যে যশোর সেনানিবাস এলাকায় একটি পাবলিক স্কুল ও কলেজ প্রতিষ্ঠার পরিকল্পনা গ্রহণ করা হয়। সেনানিবাস এলাকার সামরিক এবং সেনানিবাস সংলগ্ন বেসামরিক ব্যক্তিবর্গের সন্তানদের ক্রমবর্ধমান ভর্তির চাপ বৃদ্ধি পাওয়ায় উক্ত প্রকল্পটি বাস্তবায়ন করার পরিকল্পনা গ্রহণ করা হয়। জাতীয় অর্থনৈতিক পরিষদ (একনেক) সভার সিদ্ধান্ত মতে সামরিক বাহিনীর পাশাপাশি সরকারী কর্মকর্তা-কর্মচারী এবং যশোর এলাকার অনগ্রসর জনগোষ্ঠী ভর্তির ক্ষেত্রে প্রাধান্য পাবে। ভর্তির ক্ষেত্রে সামরিক বাহিনীর সদস্যদের সন্তানের জন্য ৩০% , সাধারণ জনগণের সন্তানদের জন্য ৫ ০%, সরকারী কর্মকর্তা-কর্মচারীর সন্তানদের জন্য ১৮% এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের সন্তানের জন্য ২% আসন সংখ্যা নির্ধারিত থাকবে। সামরিক এবং বেসামরিক সকলের জন্য শিক্ষা ব্যয় সমান রাখার ব্যবস্থা থাকবে।

৮.২ **প্রকল্পের উদ্দেশ্যঃ** যশোর সেনানিবাস এবং পার্শ্ববর্তী এলাকার ছেলেমেয়েদের জন্য উন্নত পরিবেশে মানসম্মত শিক্ষা লাভের সুযোগ সৃষ্টি করাই এ প্রকল্পের মূল উদ্দেশ্য।

৮.৩ **প্রকল্পের মূল কার্যক্রমঃ** প্রকল্পের আওতায় সাইট ডেভেলপমেন্ট, একাডেমিক ভবন নির্মাণ, অভ্যন্তরী ণ রাস্তা নির্মাণ ও ড্রেনসহ অন্যান্য আনুষংগিক কার্যক্রম ইত্যাদি।

৮.৪ **অনুমোদন পর্যায় ও সংশোধনঃ** প্রকল্পটির অনুমোদন বিবেচনার জন্য ডিপিপির উপর গত ২৯-০৮-২০১৩ তারিখে পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগে প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভা অনুষ্ঠিত হয় এবং ০৯-০৩-২০১৪ তারিখে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ১৯৯৮.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী,২০১৪ হতে জুন,২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের প্রয়োজনীয়তার নিরিখে প্রকল্পের মোট ব্যয় অপরিবর্তিত রেখে আন্ত:খাত সমন্বয় করে গত ৩০/০৬/২০১৬ তারিখে প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের প্রশাসনিক আদেশ জারী করা হয়।

৮.৫ **প্রকল্প ব্যবস্থাপনাঃ** প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	কার্যকাল আরম্ভ	শেষ	প্রকল্প পরিচালকের ধরন
১।	লে: কর্ণেল এ.কে.এম আজম চৌধুরী প্রকল্প পরিচালক	০৪-০৫-২০১৪	১৪-০৫-২০১৫	খন্ডকালীন
২।	লে: কর্ণেল মোঃ রাশিদুল ইসলাম	১০-১-২০১৫	০৩-০২-২০১৬	খন্ডকালীন
৩।	লে: কর্ণেল তাসলিম আহসান	০৪-০২-২০১৬	৩০-০৬-২০১৬	খন্ডকালীন

৮.৬ **মূল্যায়ন পদ্ধতি (Methodology):** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছেঃ

(ক) মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;
(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;
(গ) PEC, Steering Committee, PIC সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;
(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;

(ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা;

৯.০ প্রকল্পের বছর ভিত্তিক বরাদ্দ ও লক্ষ্যমাত্রা, অবমুক্তি ও ব্যয়ঃ

৯.১ **আর্থিক অগ্রগতিঃ** (লক্ষ টাকায়)

আর্থিক বৎসর	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্ত	প্রকল্প মেয়াদে (জুন,১৬ পর্যন্ত) আর্থিক অগ্রগতি (%)
১	২	৩	৪
২০১৩-১৪	১০০.০০	১০০.০০	১০০.০০ (১০০%)
২০১৪-১৫	৬০০.০০	৬০০.০০	৬০০.০০ (১০০%)
২০১৫-১৬	১২৮৮.০০	১২৮৮.০০	১২৮৮ (১০০%)
মোট:	**১৯৮৮.০০**	**১৯৮৮.০০**	**১৯৮৮.০০ (১০০%)**

৯.২ **প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ**

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
➢ যশোর সেনানিবাস জাতীয় শিক্ষা কার্যক্রমের প্রচলিত নিয়মানুসারে পঞ্চম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ইংরেজি ভার্সনে মানসম্মত শিক্ষা প্রদানের সুযোগ সৃস্টি করা;	➢ যশোর সেনানিবাস জাতীয় শিক্ষা কার্যক্রমের প্রচলিত নিয়মানুসারে পঞ্চম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ইংরেজি ভার্সনে মানসম্মত শিক্ষা প্রদানের সুযোগ সৃস্টির লক্ষ্যে ৬তলা ভীত ৫তলা অবকাঠামো নির্মাণ করা হয়েছে।

১০.০ **মনিটরিং :** আলোচ্য প্রকল্পটি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক ভিন্ন ভিন্ন সময়ে পরিবীক্ষণ করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। এছাড়া আইএমইডি কর্তৃক প্রকল্পটির সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের নিমিত্ত গত ৩০-০৭-২০১৭ তারিখে পরিদর্শন করা হয়।

১১.০ **অডিট:**

১১.১ **অভ্যন্তরীণ অডিট:** আর্মি হেডকোয়ার্টার এবং ইইনসি'র ব্রাঞ্চ পূর্ত পরিদপ্তর এর টেকনিক্যাল টীম কর্তৃক অভ্যন্তরীণ অডিট সম্পন্ন করা হয়েছে। অডিটে উত্থাপিত আপত্তি মিটানো হয়েছে মর্মে পিসিআর-এ উল্লেখ করা হয়েছে।

১১.২ External Audit: প্রকল্পটি জুন ২০১৬ তে সমাপ্ত হয়েছে। পিসিআর পর্যালোচনা করে দেখা যায়, সমাপ্ত এ প্রকল্পটির অদ্যাবধি External Audit সম্পন্ন হয়নি।

১২.০ **প্রকল্প পরিদর্শন:** আইএমইডি'র পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮ এর সহকারী পরিচালক জনাব বাবুলাল রবিদাস, কর্তৃক প্রকল্প এলাকা বিওএফ গাজীপুর ক্যান্টনমেন্টে গত ৩০/০৭/২০১৭ তারিখে সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে বাস্তবায়নকারী সংস্থার অন্যান্য কর্মকর্তাগণ তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন।

১৩.০ **প্রকল্পের প্রধান প্রধান অঙ্গের আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ** প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে প্রেরিত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) এ প্রদত্ত প্রধান প্রধান অংগের আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে দেয়া হলোঃ

১৩.১ **অন্যান্য ভবন ও অবকাঠামো নির্মাণ :** সংশোধিত ডিপিপিতে এখাতে ৬৪৭৭.২২ ব: মি: আয়তনের ৬তলা ভীতে ৫তলা একাডেমিক ভবন নির্মাণের লক্ষ্যে ১৪৫১.৬৪ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। এর বিপরীতে ৬৪৭৭.২২ ব: মি: আয়তনের ৬তলা ভীতে ৫তলা অবকাঠামো নির্মাণ করা হয়েছে এবং এ খাতে বরাদ্দকৃত অর্থের পুরোটাই অর্থাৎ ১৪৫১.৬৪ লক্ষ টাকা প্রকল্প মেয়াদে ব্যয় করা হয়েছে। এখাতে আর্থিক অগ্রগতি ও বাস্তব অগ্রগতি ১০০%।

১৩.২ **কনসালটেন্সি:** সংশোধিত ডিপিপিতে থোক হিসেবে ৮.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। কনসালটেন্সি বাবদ ৮.০০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে এবং এ খাতে বরাদ্দকৃত অর্থের পুরোটাই ব্যয় করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। এখাতে আর্থিক অগ্রগতি ১০০%।

১৩.৩ **ভূমি উন্নয়ন:** সংশোধিত ডিপিপিতে ভূমি উন্নয়নের লক্ষ্যে ১৩০.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। পিসিআর

পর্যালোচনায় দেখা যায়, প্রকল্প মেয়াদে ভূমি উন্নয়নের লক্ষ্যমাত্রার বিপরীতে ১৩০.০০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। তবে কত লক্ষ ঘন: মি: ভূমি উন্নয়নের কাজ সম্পন্ন হয়েছে, সে বিষয়ে পিসিআর এ উল্লেখ করা হয়নি। এ বিষয়ে পরিদর্শনকালে সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করা হলে কোন উত্তর পাওয়া যায়নি। এখাতে আর্থিক অগ্রগতি ১০০%।

১৩.৪ **বহি: বিদ্যুৎ ও পানি সরবরাহ:** সংশোধিত ডিপিপিতে থোক হিসেবে বহি: বিদ্যুৎ সরবরাহ খাতে ৯০.০০ লক্ষ টাকা এবং বহি: পানি সরবরাহ খাতে ৬৪.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। প্রকল্প মেয়াদে বহি: বিদ্যুৎ ও বহি: পানি সরবরাহ খাতে বরাদ্দকৃত অর্থের পুরোটাই ব্যয় করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। এখাতে আর্থিক অগ্রগতি ও বাস্তব অগ্রগতি ১০০%।

১৩.৫ **আসবাবপত্র সরবরাহ:** ডিপিপিতে থোক হিসেবে আসবাবপত্র সরবরাহ খাতে ২৯.৯৮ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। প্রকল্প মেয়াদে বিভিন্ন ধরনের আসবাবপত্র সরবরাহ করা হয়েছে এবং এ খাতে বরাদ্দকৃত অর্থের পুরোটাই ব্যয় করা হয়েছে। এখাতে আর্থিক অগ্রগতি ও বাস্তব অগ্রগতি ১০০%।

১৪.০ **উদ্দেশ্য অর্জিত না হলে তার কারণ** : প্রকল্পের উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে।

১৫.০ **পর্যবেক্ষণ:**

১৫.১ বিদ্যালয় ভবনটি দক্ষিণমুখী এবং বারান্দায় বেশ কিছু অংশ খোলা আছে। ফলে বৃষ্টির পানি সহজেই সহজেই ক্লাসরুমে ঢুকে পড়ছে। সরজমিনে পরিদর্শনকালে দেখা যায়, ৩য় থেকে ৫তলা পর্যন্ত কয়েকটি শ্রেণী কক্ষে পর্যাপ্ত পানি ঢুকে গেছে। পানি জমে থাকার ফলে পাঠদান কার্যক্রম ব্যাহত হচ্ছে।

চিত্র :১ –শ্রেণী কক্ষে জমে থাকা পানি।

১৫.২ একাডেমিক ভবনের প্রিন্সিপাল কক্ষের ওয়াশ রুমে এক্সজস্ট ফ্যান স্থাপনের কিছু দিন পরেই তা নষ্ট হয়ে যায় বলে প্রিন্সিপাল মহোদয় অবহিত করেন।

১৫.৩ বারান্দায় ভার্টিক্যাল ডিজাইনে রেলিং বসানো হয়েছে। রেলিং এর উচ্চতা কম হওয়ায় শিক্ষার্থীরা রেলিং-এর উপর ঝুলে খেলাধূলা করে । ফলে যে কোন মহূর্তে শিক্ষার্থীরা দুর্ঘটনার শিকার হতে পারে।

চিত্র :২ –ভবনের খোলা বারান্দা দিয়ে বৃষ্টির পানি শ্রেণী কক্ষে প্রবেশ করছে।

১৫.৪ পরিদর্শনকালে বিদ্যালয় ভবনের দরজার পাশে দেয়ালে ড্যাম্প/ ভিজা অবস্থা পরিলক্ষিত হয়েছে। দরজার পাশে দেয়ালে ড্যাম/ ভিজার কারণে এর স্বায়িত্ব নষ্ট হচ্ছে। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা জানান, বৃষ্টির পানি পড়ে এমনটা হয়েছে।

১৫.৫ বিদ্যালয়টিতে প্রায় সকল ধরনের আধুনিক সুবিধা এবং পরিবেশ রয়েছে। তবে Adolescent মেয়েদের জন্য কোন বাথরুম ব্লকে Private room/change room রাখা হয়নি।

১৬.০ সুপারিশঃ

১৬.১ নির্বিঘ্নে পাঠদান কার্যক্রম পরিচালনার লক্ষ্যে বিদ্যালয় ভবনটির ৩য় থেকে ৫তলা পর্যন্ত কয়েকটি শ্রেণী কক্ষে জমে থাকা বৃষ্টির পানি অপসারণ এবং ভবিষ্যতে স্থায়ী সমাধানের নিমিত্ত বাস্তবায়নকারী সংস্থা দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১৬.২ প্রিন্সিপাল কক্ষের ওয়াশ রুমে এক্সজস্ট ফ্যানসহ ছোট খাটো ত্রুটি বিচ্যুতি কলেজ কর্তৃপক্ষের সাথে আলোচনা সাপেক্ষে ডিফেক্টস লাইবিলিটি পিরিয়ডের মধ্যেই সংশ্লিষ্ট ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক প্রয়োজনীয় সংস্কার করতে হবে;

১৬.৩ অনাকাঙ্খিত দুর্ঘটনা এড়ানোর লক্ষ্যে শিক্ষার্থীরা যাতে রেলিং এর উপর না উঠতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

১৬.৪ বিদ্যালয় ভবনের দরজার পাশে দেয়ালে ড্যাম্প/ ভিজা অবস্থা পরিলক্ষিত স্থানে ডিফেক্টস লাইবিলিটি পিরিয়ডের মধ্যেই সংশ্লিষ্ট ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক প্রয়োজনীয় সংস্কার করতে হবে;

১৬.৫ মেয়েদের স্বাচ্ছন্দ্য এবং নিরাপত্তার স্বার্থে বাথরুম ব্লকে একটি Private room/change room রাখা যেতে পারে।

১৬.৬ প্রকল্পের আওতায় external অডিট সম্পন্ন করে প্রশাসনিক মন্ত্রণালয় ও আইএমইডিকে অবহিত করতে হবে।